

বাংলাদেশে ডোমিনোজ পিজ্জা বিক্রি শুরু করেছে গোল্ডেন হার্ভেস্ট

দেশের বাজারে বিশ্ববিখ্যাত ডোমিনোজ পিজ্জা বিক্রি শুরু করেছে গোল্ডেন হার্ভেস্ট এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেড। ভারতীয় কোম্পানি জুবিল্যান্ট ফুডওয়ার্কস লিমিটেডের সঙ্গে যৌথ উদ্যোগে গত বৃহস্পতিবার থেকে রাজধানীর ধানমন্ডির ২ নম্বর সড়কে স্থাপিত আউটলেটের মাধ্যমে ডোমিনোজ পিজ্জা পরীক্ষামূলকভাবে বিক্রি শুরু করেছে গোল্ডেন হার্ভেস্ট। ১৫ মার্চ ডোমিনোজ পিজ্জার গ্র্যান্ড ওপেনিং অনুষ্ঠিত হবে। গতকাল ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) মাধ্যমে শেয়ারহোল্ডারদের এ তথ্য জানিয়েছে গোল্ডেন হার্ভেস্ট। কোম্পানিটির কর্মকর্তারা বলছেন, দেশের বাজারে ডোমিনোজ পিজ্জা বাজারজাত করার লক্ষ্যে গত বছরের মার্চে গোল্ডেন হার্ভেস্টের সহযোগী প্রতিষ্ঠান গোল্ডেন হার্ভেস্ট কিউএসআর লিমিটেডের সঙ্গে ভারতীয় জুবিল্যান্ট গ্রুপের প্রতিষ্ঠান জুবিল্যান্ট ফুডওয়ার্কসের একটি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তির পরে আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করতে ১ বছরের মতো সময় লেগে গেছে। আমরা আরো আগেই এর কার্যক্রম শুরু করতে চেয়েছিলাম। গ্র্যান্ড ওপেনিংয়ের পর গ্রাহকদের কাছ থেকে কেমন সাড়া পাওয়া যায় তার ওপর ভিত্তি করে পরবর্তী কৌশল নির্ধারণ করা হবে বলেও জানান তারা। <http://bonikbarta.net>

দরবৃদ্ধির শীর্ষে ইনটেক

ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) গতকাল ইনটেক লিমিটেডের শেয়ারদর বেড়েছে ৭ দশমিক ৮২ শতাংশ। ফলে কোম্পানিটি উঠে আসে দরবৃদ্ধির তালিকার শীর্ষে। বাজার পর্যবেক্ষণে দেখা গেছে, টানা সাত কার্যদিবস পতনের পর গতকাল উল্লেখযোগ্য হারে বেড়েছে শেয়ারটির দর। গতকাল ইনটেক শেয়ারের সর্বশেষ দর ৭ দশমিক ৮২ শতাংশ বা ৩ টাকা ৪ পয়সা বেড়ে দাঁড়ায় ৪৬ টাকা ৯০ পয়সায়। দিনভর দর ৪৩ টাকা ৭০ পয়সা থেকে ৪৭ টাকা ৩০ পয়সার মধ্যে ওঠানামা করে। সমাপনী দর ছিল ৪৭ টাকা, যা এর আগের কার্যদিবসে ছিল ৪৩ টাকা ৫০ পয়সা। এদিন ১ হাজার ৯৬১ বারে এ কোম্পানির মোট ১০ লাখ ৯১ হাজার ৭৬৮টি শেয়ারের লেনদেন হয়। এক বছরে শেয়ারটির সর্বনিম্ন দর ছিল ১৬ টাকা ২০ পয়সা ও সর্বোচ্চ দর ৭৪ টাকা ৫০ পয়সা। এদিকে হিসাব বছরের প্রথমার্ধে (জুলাই-সেপ্টেম্বর) মুনাফায় ফিরেছে ইনটেক। আলোচ্য সময়ে কোম্পানিটির শেয়ারপ্রতি আয় (ইপিএস) হয়েছে ২৯ পয়সা। আগের বছর একই সময় এর শেয়ারপ্রতি লোকসান ছিল ২২ পয়সা। দ্বিতীয় প্রান্তিকে (জুলাই-ডিসেম্বর) এর ইপিএস হয়েছে ১ টাকা ৪০ পয়সা, যা এর আগের বছর একই সময়ে ছিল ১ পয়সা। ৩১ ডিসেম্বর ২০১৮ কোম্পানিটির শেয়ারপ্রতি নিট সম্পদমূল্য (এনএভিপিএস) দাঁড়িয়েছে ১২ টাকা ৮৪ পয়সা। ৩০ জুন ২০১৮ সমাপ্ত হিসাব বছরের জন্য ১১ শতাংশ স্টক লভ্যাংশ দিয়েছে এ কোম্পানি। সমাপ্ত হিসাব বছরে এর ইপিএস হয়েছে ১ টাকা ২৫ পয়সা ও এনএভিপিএস ১১ টাকা ৪৪ পয়সা। ২০১৭ সালের ৩০ জুন সমাপ্ত হিসাব বছরে শেয়ারহোল্ডারদের জন্য ১০ শতাংশ স্টক লভ্যাংশ দেয় ইনটেক। আলোচ্য সময়ে কোম্পানিটির ইপিএস ৯৯ পয়সা ও এনএভিপিএস ১১ টাকা ২০ পয়সায় দাঁড়িয়েছে। ২০১৬ সালের ৩০ জুন পর্যন্ত ১৮ মাসে সমাপ্ত হিসাব বছরেও ১০ শতাংশ স্টক লভ্যাংশ পেয়েছেন কোম্পানিটির শেয়ারহোল্ডাররা। <http://bonikbarta.net>

৭০০ কোটি টাকার বাজার ধরতে বহুমুখী পাটপণ্যের প্রসারে গুরুদ্বারোপ

বিশ্ববাজারে জায়গা করে নিতে বাংলাদেশের বহুমুখী পাটপণ্যের আরো প্রসার ঘটাতে হবে। এজন্য সরকারের পক্ষ থেকে দেশীয় উদ্যোক্তাদের সর্বোচ্চ সহযোগিতা করা হবে। গতকাল রাজধানীতে জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারে (জেডিপিসি) আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী। মন্ত্রী বলেন, ঠিকভাবে কাজ করলে ৭০০ কোটি টাকার কেন, আন্তর্জাতিকভাবে ৭ হাজার কোটি টাকার বহুমুখী পাটপণ্যের বাজার তৈরি করা সম্ভব। তিনি জানান, সারা বিশ্ব এখন প্লাস্টিককে বর্জন করছে। ধীরে ধীরে বিশ্বব্যাপী পাটের জনপ্রিয়তা বাড়ছে। পাট দিয়ে এখন সব ধরনের পণ্য তৈরি হচ্ছে। পাটের বাজার ধরতে হলে বহুমুখী পাটপণ্যের সম্ভাবনাকে কাজে লাগাতে হবে। মন্ত্রী আরো বলেন, পাটপণ্য প্রদর্শনের জন্য স্থায়ীভাবে জায়গা দেয়া গেলে মানুষ বহুমুখী পাটপণ্য সম্পর্কে জানতে পারবে। বাণিজ্য মেলায় প্রদর্শিত বহুমুখী পাটপণ্য দেখে আমি মুগ্ধ হয়েছি। ঠিকমতো তুলে ধরতে পারলে অন্যান্যও এসব পণ্যের বিষয়ে আগ্রহী হবেন। এভাবেই অভ্যন্তরীণ বাজার বাড়বে। <http://bonikbarta.net>

মার্কিন বাণিজ্য আলোচনায় প্রধান ইস্যু চীনের মুদ্রা

চীন-মার্কিন বাণিজ্য চুক্তির প্রধান ইস্যু হয়ে দাঁড়িয়েছে চীনের মুদ্রা। যুক্তরাষ্ট্রের কর্মকর্তারা জানিয়েছেন, চীনের সঙ্গে যেকোনো ধরনের বাণিজ্য চুক্তিতে মুদ্রা কারসাজির বিষয়টিও অন্তর্ভুক্ত থাকবে। রফতানিকারকদের সুবিধার্থে চীনা মুদ্রা কারসাজির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবে যুক্তরাষ্ট্র। খবর রয়টার্স। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প অভিযোগ তুলেছেন, নিজেদের উদ্দেশ্য সিদ্ধির জন্য এশীয় জায়ান্ট চীন তাদের মুদ্রাকে কৃত্রিমভাবে অবমূল্যায়িত করছে। গত সপ্তাহে ট্রাম্প বলেন, মুদ্রা ইস্যুতে চীনের সঙ্গে আমাদের একটি চুক্তিতে পৌঁছতে হবে। হোয়াইট হাউজের অর্থনৈতিক উপদেষ্টা ল্যারি কুডলো গত বৃহস্পতিবার জানান, খসড়া চুক্তিতে মুদ্রা কারসাজি নিষিদ্ধ করা হবে এবং চীনা কর্তৃপক্ষ যদি মুদ্রাবাজারে কোনো হস্তক্ষেপ করে, তবে তা প্রতিবেদন আকারে পেশ করতে বাধ্য করা হবে। <http://bonikbarta.net>

ভারতকে অত্যন্ত উচ্চ শুল্কের দেশ বললেন ডোনাল্ড ট্রাম্প

ভারত উচ্চ শুল্কের একটি দেশ বলে অভিযোগ করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শনিবার এ অভিযোগের পাশাপাশি ভারতীয় পণ্যে একটি পারস্পরিক কর বা অন্তত এ ধরনের কোনো কর আরোপ করতে চান বলে জানিয়েছেন তিনি। খবর বিজনেস স্ট্যান্ডার্ড। ওয়াশিংটন ডিসির মেরিল্যান্ডে কনজারভেটিভ পলিটিক্যাল অ্যাকশন কনফারেন্সে (সিপিএসি) ট্রাম্প বলেন, ভারত অত্যন্ত উচ্চ শুল্কের একটি দেশ। তারা আমাদের ওপর অনেক বেশি শুল্ক আরোপ করছে। সম্মেলনে ২ ঘণ্টার বেশি সময় ধরে বক্তব্য রাখাকালে মার্কিন প্রেসিডেন্ট স্থানীয়, বৈশ্বিক ও ভারতসহ বিভিন্ন দেশের সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্কের মতো বিস্তৃত পরিধির ইস্যু নিয়ে কথা বলেন। <http://bonikbarta.net>

বৈশ্বিক ইস্পাত উৎপাদনে চাঙ্গাভাব অব্যাহত

কয়েক বছর ধরে বৈশ্বিক ইস্পাত উৎপাদন খাতে প্রবৃদ্ধি বজায় রয়েছে। এ ধারাবাহিকতায় গত বছর বৈশ্বিক ইস্পাত উৎপাদন আগের বছরের তুলনায় প্রায় সাড়ে ৪ শতাংশ বেড়েছে। এ ধারাবাহিকতা বজায় রয়েছে চলতি বছরের শুরুতেও। গত জানুয়ারিতে বৈশ্বিক ইস্পাত উৎপাদন আগের বছরের একই সময়ের তুলনায় ১ শতাংশ বেড়ে সাড়ে ১৪ কোটি টন ছাড়িয়ে গেছে। এ সময় চীন, যুক্তরাষ্ট্র, ব্রাজিলসহ বেশির ভাগ দেশে ইস্পাত উৎপাদন বাড়লেও কমেছে ভারত, জাপান, দক্ষিণ কোরিয়া ও তুরস্ক। ওয়ার্ল্ড স্টিল অ্যাসোসিয়েশনের (ডব্লিউএসএ) সাম্প্রতিক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। খবর রয়টার্স ও মেটাল বুলেটিন। <http://bonikbarta.net>

